[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

৩ যুবককে কারাদন্ড

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাদক সেবনের দায়ে ৩ যুবককে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড ও ১’শ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত । রবিবার (২১জুন) সন্ধায় এ রায় প্রদান করেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানা।

দন্ডপ্রাপ্তরা হলেন পৌর শহরের পোষ্ট অফিস পাড়ার মোঃ জাবেদ আলীর ছেলে ইমরান (১৮), একই এলাকার সিরাজুল ইসলামের ছেলে সুমন
(২৫) ও বিহারীর পাড়ার আমজাদ হোসেনের ছেলে ইশতিয়াক মোহাম্মদ (২২)।

এর আগে পৌর শহরের হলপাড়ার একটি বাগান থেকে মাদক সেবনের দায়ে তাদেরকে আটক করে কোটচাঁদপুর পৌর ফাঁড়ী ইনচার্জ ইন্সপেক্টর আক্তারুজ্জামান লিটন ও এস.আই আব্দুস সাত্তারসহ সঙ্গীয় ফোর্স।

কোটচাঁদপুরে গর্ভবতী মায়েদের চিকিৎসা সেবায় সেনাবাহিনীর মেডিকেল ক্যাম্পেইন অনুষ্ঠিত

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে এবং একই সাথে কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে গর্ভবতী ও প্রসুতি মায়েদের চিকিৎসা সেবা সহজলভ্য করতে সারাদেশে মেডিকেল ক্যাম্পেইন পরিচালনা করছে বাংলাদেশ সেনাবাহিনী।

এরই ধারাবাহিকতায় ঝিনাইদহের কোটচাঁদপুরে গর্ভবতী মায়েদের চিকিৎসা সেবায় সেনাবাহিনীর ৫৫ পদাতিক ডিভিশন, যশোর অঞ্চলের সার্বিক তও¦◌াবধানে মেডিকেল ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২২জুন) কোটচাঁদপুর সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে পরিচালিত ক্যাম্পেইনে সেনাবাহিনীর নিজস্ব ও স্থানীয় প্রশাসনের

অভিজ্ঞ চিকিৎসকগণ তিন শতাধীক গর্ভবতী মায়েদের প্রয়োজনীয় পরার্মশ ও ঔষুধ বিতরণ করা হয়।

সেনাসদস্যরা করোনাভাইরাস প্রতিরোধে মেডিকেল ক্যাম্পেইনে সর্বোচ্চ স্বাস্থ্যবিধি অনুসরণ করে সেনাবাহিনীর ৫ জন ও কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ৩ জন চিকিৎসক এই চিকিৎসা সেবা প্রদান করেন। গর্ভবতী ও প্রসুতি মায়েদের চিকিৎসা সেবা ছাড়াও তাদের মধ্যে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও সাবান বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৫৫ পদাতিক ডিভিশনের ৮৮ পদাতিক ব্রিগেট কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল এবিএম ফয়সাল বাতেন পিএসসি। এসময় উপস্থিত ছিলেন, ২ ইষ্ট বেঙ্গল রেজিমেন্টের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল নাসির উদ্দিন আহমেদ পিএসসি, এডিএমএস আলমগির, কোটচাঁদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র জাহিদুল ইসলাম প্রমূখ। ক্যাম্পেইন শেষে বর্তমান করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সেনাবাহিনীর পক্ষ থেকে উপস্থিত সকলকে বিশেষ ভাবে অনুরোধ করা হয়।

ঝিনাইদহে ডাবল মার্ডারের এজাহারভুক্ত ৬ আসামী গ্রেফতার

ঝিনাইদহ সদর উপজেলা হরিশংকরপুর গ্রামের দু গ্রুপের সংঘর্ষে নিহত ডাবল মার্ডারের এজাহারভুক্ত পলাতক ৬ আসামী গ্রেফতার করা হয়েছে। আটককৃতরা হলেন হরিশংকরপুর গ্রামের আব্দুল মালেক মিয়া ছেলে লতা মিয়া (৬৩) , কাজী আবুল হোসেনের ছেলে খালেক (৬১) ও কাজী মোসলেম উদ্দিন(৬৪) মৃত তোজাম শেখের ছেলে তোরাপ শেখ(৪৫) অমৃত আফিল উদ্দীনের ছেলে আজমত শেখ (৬৫)। ও আতিয়ার রহমানের ছেলে দোকানদার জুয়েল রানা(২৭)।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে মাগুরা, কুষ্টিয়া ও শৈলকুপা থেকে পলাতক ৬ আসামীকে গ্রেফতার করা হয়।

ঝিনাইদহে র্যাবের অভিযানে বিপুল পরিমাণ পলিথিন উদ্ধার

ঝিনাইদহ র্যাব অভিযান চালিয়ে বিপুল পরিমাণ পলিথিন উদ্ধার করেছে। সোমবার দুপুরে শহরের নতুন হাটখোলা এলাকা থেকে এ পলিথিন উদ্ধার করা হয়।
ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার ও অতিরিক্ত পুলিশ সুপার মাসুদ আলম জানান, ঝিনাইদহ শহরের নতুন হাটখোলা বাজারে কয়েকজন ব্যবসায়ী বিপুল পরিমাণ অবৈধ পলিথিন মজুদ করেছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়। এসময় দুটি দোকান থেকে বিপুল পরিমাণ পলিথিন উদ্ধার করা হয়।

এসময় জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও ভ্রাম্যমান আদালতের বিচারক মোঃ হেদায়েত উল্যাহ আদালত বসিয়ে তাদেরকে ১৯৯৫ সালের পরিবেশ সংরক্ষণ আইনে সুমন স্টোরের মালিক সুমন কুমার বিশ্বাসকে ২৫ হাজার টাকা ও হানিফ স্টোরের মালিক হানিফকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। উদ্ধারকৃত পলিথিনের মূল্য আনুমানিক প্রায় ৫ লাখ টাকা বলে জানা গেছে। পরে উদ্ধারকৃত পলিথিন জব্দ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারি পরিচালক সুচন্দন মন্ডলসহ র্যাব সদস্যবৃন্দ।

গাংনীতে করোনা উপসর্গে একজনের মৃত্যু

মেহেরপুর জেলার গাংনী উপজেলার মটমুড়া গ্রামে আলী শাহ নামের একজন করোনা উপসর্গ নিয়ে মৃত্যুবরণ করেছেন। সোমবার বিকালে কুষ্টিয়া

মেডিক্যাল কলেজে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। মৃত আলী শাহ নওদা মুটমুড়া গ্রামের বক্কর শাহ’র ছেলে।

গাংনী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা রিয়াজুল আলম বিষয়টি নিশ্চিত করে বলেন, করোনা উপসর্গ নিয়ে কুষ্টিয়ায় চিকিৎসাধীন অবস্থায় একজনের মৃত্যু হয়েছে। কুষ্টিয়া থেকে তার নমুনা সংগ্রহ করা হয়েছে। লাশ গাংনীতে আসার পর স্বাস্থবিধি মেনে দাফন করার ব্যবস্থা করা হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ভৈরবে ডুবে যুবকের মৃত্যু

মেহেরপুরের ভৈরব নদে পানিতে ডুবে রুহুল নামের এক যুবকের মৃত্যু হয়েছে। সোমবার শহরের শেখপাড়ায় ভৈরব নদে এ ঘটনা ঘটে। মৃত রুহুল মেহেরপুর শহরের বেড়পাড়ার মুনছুর আলীর ছেলে।

স্থানীয়রা জানান, ভৈরব নদে সাঁতার কেটে অপর পাড়ে যাওয়ার পথে কচুরিপানাতে আটকিয়ে তার মৃত্যু হয়। রুহুলসহ আরও দুইজন একসাথে সাতার কাটতে নামে অন্য দুইজন পার হতে পারলেও রুহুল পারেনি।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বলেন, পানিতে ডুবে এক যুবকের মৃত্যু হয়েছে। আমরা লাশ ময়না তদন্তের জন্য মর্গে পাঠানোর ব্যবস্থা করছি।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন ও সার বীজ বিতরণ

বৃহত্তর কুষ্টিয়া ও যশোর অঞ্চল কুষি উন্নয়ন প্রকল্পের আওতায় মেহেরপুরের গাংনীতে সবজি বীজ ও চারা বিতরন এবং কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন করা হয়েছে। সোমবার দুপুরে গাংনীর জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এ অনুষ্ঠানের আয়োজন করে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। বিশেষ অতিথি ছিলেন,উপজেলা পরিষদ চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক। এসময় গাংনী উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা কেএম শাহাবৃুুদ্দিন উপস্থিত ছিলেন।

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রতি ইঞ্চি জমির ব্যাবহার ,পারিবারিক কৃষির আওতায় সবজি-পুষ্টি বাগান স্থাপন নিশ্চিত করণের আওতায় কৃষি সম্প্রাসরণ আয়োজিত অনুষ্ঠানে কৃষি ভিত্তিক ১০ টি স্টল সাজানো হয়েছে ।

মেহেরপুরে নতুন করে ৫ জন করোনা পজিটিভ

মেহেরপুরে নতুন করে আরও ৫ জন কোভিড-১৯ পজিটিভ রোগী সনাক্ত করা হয়েছে। ২২ জুন সোমবার কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ২৫ টি প্রাপ্ত রিপোর্ট এর মধ্যে ৬ টি পজিটিভ এসেছে। এর মধ্যে সদরে ৩ জন গাংনীতে ১ জন মুজিবনগরে ১ জন ও ১টি ফলোআপ পজিটিভ।

করেনা পজিটিভ ব্যক্তিরা হলেন, মেহেরপুর জেলা প্রশাসনের এমএলএসএস আব্দুর রশিদ, পুলিশ সদস্য সেলিম মিয়া, হামিদুল হক, গাংনীর তেরাইল গ্রামের পূর্বপাড়ার আবেদা সুলতানা, মুজিবনগরের গোপালনগর গ্রামের মামুনুর রশীদ।

মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসিরউদ্দিন বিষয়টি নিশ্চিত করে বলেন, মেহেরপুরে নতুন করে ৬ জন কোভিড-১৯ পজিটিভ হয়েছে। এর মধ্যে একটি ফলোআপ। সেই সাথে আজ সোমবার নমুনা সংগ্রহ করা হয়েছে ২৫ জনের।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে তামাকজাত দ্রব্যের প্রচারণার দায়ে জাপান টোব্যাকো কোম্পানি জরিমানা

মেহেরপুরে সিগারেটের প্রচারণার দায়ে জাপান টোব্যাকো কোম্পানি জরিমানা করা হয়েছে।
সোমবার সকালে সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রাকিবুল ইসলামের নেতৃত্বে মেহেরপুর ঢাকা টোবাকো ইন্টারন্যাশনাল কোম্পানির অফিসে অভিযান চালানো হয়। এসময় ধারাবাহিকভাবে প্রমোশনাল বিজ্ঞাপন সম্বলিত লিফলেট, স্টিকার, ডিসপ্লে বোর্ড, ব্যানার দোকানে দোকানে সরবরাহ ও প্রচারে উদ্বুদ্ধ করার অভিযোগে সাম্যবাদ ভারতবর্ষ আইনে ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

জেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তাজিমুল হক এর লিখিত অভিযোগের ভিত্তিতে ধুমপান ও তামাকজাত পণ্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন ২০০৫ এর ৫(১)(ক) ধারার অপরাধে দোষ স্বীকারোক্তি সাপেক্ষে ১০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান ও উল্লেখযোগ্য সংখ্যক প্রমোশনাল বিজ্ঞাপন সম্বলিত মালামাল জব্দ করা হয়েছে।

মেপ্র/এমএফআর